

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪০৭  
আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

**মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে বইমেলায় প্রস্তুতি সভা**  
**২১ ফেব্রুয়ারি থেকে ৪২তম আগরতলা বইমেলা**

আগামী ২১ ফেব্রুয়ারি, ২০২৪ থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে ১৪দিন ব্যাপী ৪২তম আগরতলা বইমেলা। বইমেলা চলবে ৫ মার্চ পর্যন্ত। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৪২তম আগরতলা বইমেলা আয়োজনের প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৪২তম আগরতলা বইমেলায় প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। সভায় জানানো হয় এবছর জেলা পর্যায়ের বইমেলা আয়োজনের জন্য ইতিমধ্যেই উদ্যোগ নেওয়া হয়েছে। সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এবারের বইমেলায় যাতে বহিঃরাজ্য থেকে আরও বেশী সংখ্যায় প্রকাশক ও বিক্রেতাগণ অংশ নিতে পারেন সেদিকে নজর দিতে পরামর্শ দেন। তাছাড়াও সভায় মুখ্যমন্ত্রী স্থানীয় লেখকদের ভালমানের বই যাতে সরকারি ভাবে ক্রয় করা হয় সেদিকেও নজর দিতে বলেন। মেলায় শব্দ দূষণ নিয়ন্ত্রণ, ট্রাফিক ব্যবস্থা, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা, বইমেলায় আগতদের বসার সুবন্দোবস্ত করার বিষয়ে মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেছেন।

প্রস্তুতি সভায় আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, বইমেলা উপলক্ষে দিনদিন ক্রেতা, বিক্রেতা ও পাঠকের সংখ্যা বাড়ছে। তাই সকলের সুবিধার কথা বিবেচনা করে সব ধরনের পরিষেবা প্রদানে সংশ্লিষ্ট সকলকে আরও যত্নবান হতে হবে। সভায় অন্যান্যদের মধ্যে আলোচনা করেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গাপ্রসাদ প্রসেইন, এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সত্যদেও পোদ্দার, আগরতলাস্থিত বাংলাদেশ সহকারি হাই কমিশন কার্যালয়ের সহকারি হাই কমিশনার আরিফ মোহাম্মাদ, ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সভাপতি মানস পাল, পাবলিশার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক রাখাল মজুমদার, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, অল ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের সভাপতি উত্তম চক্রবর্তী, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য, সাংবাদিক দিবাকর দেবনাথ, সাংবাদিক বিশ্বেন্দু ভট্টাচার্য প্রমুখ। প্রস্তুতি সভায় স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী। সভার শুরুতে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য বইমেলায় রূপরেখা নিয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন। তাছাড়াও সভায় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিশিষ্ট সাংবাদিক ও প্রকাশকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*